

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.abak-rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১১.১৯.৩১৭

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬

০৫ আগস্ট ২০১৯

বিষয়: **সমিতির অর্থ হস্তমজুদ/আত্মসাৎ বিষয়ে তদন্ত প্রসঙ্গে।**

পিরোজপুর জেলার সদর উপজেলার ৩নং দুর্গাপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের আমার বাড়ি আমার খামার প্রকল্পের চুজাপাশা গ্রাম উন্নয়ন সংগঠনের ম্যানেজার জনাব মো: হানিফ সিকদার-এর নিকট সমিতির সদস্যদের ১৭২১০৬ (এক লক্ষ বাহাত্তর হাজার একশত ছয়) টাকা হস্তমজুদ রয়েছে মর্মে উক্ত টাকা অফিসে জমাদানের জন্য উপজেলা সমন্বয়কারী কর্তৃক তাকে নোটিশ প্রদান করা হয়। এ বিষয়ে ম্যানেজার জনাব মো: হানিফ সিকদার তার বিরুদ্ধে সমিতির অর্থ হস্তমজুদ/আত্মসাৎের অভিযোগটি সম্পূর্ণ মিথ্যা এবং বানোয়াট উল্লেখপূর্বক বিষয়টির তদন্ত করার জন্য প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প বরাবর লিখিত আবেদন করেছেন।

এমতাবস্থায়, জনাব মো: হানিফ সিকদার, ম্যানেজার, চুজাপাশা গ্রাম উন্নয়ন সংগঠন-এর আবেদনের প্রেক্ষিতে তার বিরুদ্ধে সমিতির অর্থ হস্তমজুদ/ আত্মসাৎের বিষয়ে সুষ্ঠু তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রকল্প সদর কার্যালয়ে আগামী ৩১/০৮/২০১৯ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।



৫-৮-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-
rdcd.gov.bd

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পিরোজপুর সদর,
পিরোজপুর।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১১.১৯.৩১৭/১(৮)

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬


০৫ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২) জেলা প্রশাসক, পিরোজপুর।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর, পিরোজপুর।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৫) জেলা সমন্বয়কারী, পিরোজপুর।
- ৬) উপজেলা সমন্বয়কারী (আবাআখা)/ শাখা ব্যবস্থাপক (পিএসবি), সদর উপজেলা, পিরোজপুর।
- ৭) জনাব মো: হানিফ সিকদার, ম্যানেজার, চুজাপাশা সার্বিক গ্রাম উন্নয়ন সংগঠন, সদর উপজেলা,

পিরোজপুর।

৮) অফিস নথি।



৫-৮-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)